

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম।
তারিখ : ১৫/০১/২০২৩ খ্রিঃ, সময়ঃ- সকাল ১০.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবন্দ (পরিশিষ্ট “ক”)


সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, বাংলাদেশে সাধারণত নভেম্বর হতে এপ্রিল মাস পর্যন্ত শীতের আমেজ বিদ্যমান থাকে। বিশেষ করে ডিসেম্বর হতে ফেব্রুয়ারির মাঝামাঝি পর্যন্ত শীতের তীব্রতা বেশি থাকে। এ সময়ে কুড়িগ্রাম জেলাসহ উত্তরাঞ্চলে ঘনঘন শৈত্যপ্রবাহ দেখা দেয়। গত বছর ২৮-০১-২০২২ তারিখে কুড়িগ্রাম জেলায় সর্বনিম্ন ৬.১ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়। ইতোমধ্যে এ বছর ডিসেম্বর, ২৩ মাসে কয়েকটি শৈত্যপ্রবাহ দেখা দেয়। চলতি ০৮ জানুয়ারি, ২০২৩ তারিখে কুড়িগ্রাম জেলায় পুনরায় শৈত্যপ্রবাহ দেয়া দেয়, যা বর্তমানে চলমান। কুড়িগ্রাম জেলার রাজারহাট আবহাওয়া অফিস হতে প্রাপ্ত গত কয়েকদিনের কুড়িগ্রাম জেলার সর্বনিম্ন তাপমাত্রা বিবরণঃ-

ক্রমিক নং	তারিখ	তাপমাত্রা	মন্তব্য
০১	০৮-০১-২০২৩ খ্রি.	৮.৬°	
০২	০৯-০১-২০২৩ খ্রি.	৮.৮°	
০৩	১০-০১-২০২৩ খ্রি.	৮.০°	সর্বনিম্ন
০৪	১১-০১-২০২৩ খ্রি.	৮.৪°	
০৫	১২-০১-২০২৩ খ্রি.	৮.৫°	
০৬	১৩-০১-২০২৩ খ্রি.	৮.৫°	
০৭	১৪-০১-২০২৩ খ্রি.	৯.৮°	
০৮	১৫-০১-২০২৩ খ্রি.	৮.৮°	

২। কুড়িগ্রাম জেলা ০৯টি উপজেলা, ৭৩টি ইউনিয়ন ও ০৩টি পৌরসভা নিয়ে গঠিত। কুড়িগ্রাম জেলা একটি শীতপ্রবন এলাকা। ইতোমধ্যে এ জেলায় শীতের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। প্রতিবারের ন্যায় এবারও জানুয়ারি মাসে শীতের প্রকোপ আরও বৃদ্ধি পাওয়ার আশংকা রয়েছে। শীতের তীব্রতা বৃদ্ধি পাওয়ায় এ জেলার নিম্নআয়ের মানুষের জীবন-জীবিকা কিছুটা বিঘ্নিত হওয়ার আশংকা রয়েছে। এ জেলার নিম্নআয়ের মানুষের জীবন-জীবিকা স্বাভাবিক রাখার লক্ষ্যে সরকার তথা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমে জেলা প্রশাসন সবসময় মানবিক সেবা প্রদান করে যাচ্ছে। তবে শীতের প্রকোপ বৃদ্ধি পাওয়ার সাথে সাথে বিভিন্ন শীতজনিত রোগের প্রাদুর্ভাব দেয়া দেয়। এ ধরনের রোগবালাই হতে রক্ষা পেতে জনসচেতনতা বৃদ্ধিসহ সরকারি হাসপাতালসমূহে পর্যাপ্ত ঔষধ মজুদ রাখার ব্যবস্থা নেয়া যেতে পারে।

৩। সভাপতি মহোদয় আরও জানান জেলাটি ১৬টি নদ-নদী ও অসংখ্য চরবেষ্টিত। কুড়িগ্রাম জেলা বর্তমানে বন্যা পরিস্থিতির মধ্যে না থাকলেও কোন কোন অঞ্চলে নদীভাঙ্গন দেখা যায়। প্রকৃতির উপর কারো হাত নেই তথাপি ভাঙ্গন কবলিত এলাকা পূর্বেই চিহ্নিত করে ঝুঁকিপূর্ণ জনসাধারণের জানমাল নিরাপদ স্থানে স্থানান্তরে উপজেলা ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে সক্রিয় থাকার জন্য পরামর্শ প্রদান করেন। ভাঙ্গন কবলিত জনসাধারণের প্রকৃত তালিকা প্রস্তুত করে তাদের পুনর্বাসনে সরকারের পাশাপাশি বেসরকারিভাবে সহায়তা প্রদানের জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক


ও

সভাপতি

জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, কুড়িগ্রাম।

ফোন- ০২৫৮৯৯৫০০২২ (অঃ)

ই-মেইল dckurigram@mopa.gov.bd




স্মারক নং- ৫১.০১.৪৯০০.০০০.০৬.০০১১.১৯-৭২

তারিখঃ- ৩০/০১/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
- ৭। সিভিল সার্জন, কুড়িগ্রাম।
- ৮। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।
- ৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),..... কুড়িগ্রাম।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল),..... কুড়িগ্রাম।
- ১১। সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (তাকে বর্ণিত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১২। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম।
- ১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল),..... কুড়িগ্রাম।
- ১৪। কুড়িগ্রাম।
- ১৫। অফিস নথি।


৩০.০১.২০২৩

(মোঃ আব্দুল হাই সরকার)

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

ও

সদস্য সচিব

জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কুড়িগ্রাম।

ফোন নং- ০২৫৮৯৯৫০১৫৩

ই-মেইল drro.kurigram@gmail.com